# বার্ষিক প্রতিবেদন ২০২২-২৩

## উপজেলা পরিসংখ্যান কার্যালয়,

## ভাংগা,ফরিদপুর



## জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান

বাংলাদেশের মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের সুদূরপ্রসারী চিন্তাধারা এবং দিক-নির্দেশনায় ১৯৭৪ সালের আগস্ট মাসে বিভিন্ন মন্ত্রণালয়ের অধীনে থাকা ৪টি পরিসংখ্যান অফিস (পরিকল্পনা মন্ত্রণালয়ের পরিসংখ্যান ব্যুরো, কৃষি মন্ত্রণালয়ের কৃষি পরিসংখ্যান ব্যুরো ও কৃষি শুমারি কমিশন এবং স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের আদমশুমারি কমিশন)-কে একীভূত করে 'বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো (বিবিএস)' প্রতিষ্ঠা করা হয়।



## মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা পরিসংখ্যানের গুরুত্ব উপলব্ধি করে বলেন, *"আমাদের সরকার জাতীয় পরিসংখ্যান ব্যবস্থার উন্নয়নে অফিসিয়াল পরিসংখ্যানের গুরুত্ব বিবেচনায় পরিসংখ্যান আইন, ২০১৩ প্রণয়ন করেছে। পরিসংখ্যান উন্নয়নে জাতীয় কৌশলপত্র (NSDS) ২০১৩ অনুমোদন করেছে। পরিসংখ্যান ব্যবস্থাকে সার্বিক উন্নয়ন পরিকল্পনার মূলভিত্তি বিবেচনা করে আমরা বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোকে কেন্দ্র হতে তৃণমূল পর্যায় পর্যন্ত শক্তিশালী করার উদ্যোগ নিয়েছি'।*

# Acronyms

| | |
|---|---|
| CPI | Consumer price index |
| WRI | Wage rate index |
| BMPI | Building materials price index |
| HRI | House rate index |
| ICT | Information and communication technologies |
| PPI | Producer price index |
| QIIP | Quantaum index of industrial production |
| CBR | Crude birth rate |
| TFR | Total fertility rate |
| GFR | Gross fartility rate |
| CDR | Crude death rate |
| IMR | Infant mortality rate |
| U5MR | Under 5 mortality rate |
| CPR | Contraceptive prevalence rate |
| HH | House hold |

# সূচীপত্র


| ক্রমিক | পৃষ্ঠা নং |
|---|---|
| ১.০ বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো এর পটভূমি | ০৬ |
| ➢ ভিশন ও মিশন | ০৬ |
| ১.১ বিবিএস এর কার্যাবলি | ০৬ |
| ১.২ শুমারি ও জরিপ সংক্রান্ত কার্যাবলি | ০৭ |
| ১.৩ ফরিদপুর জেলা পরিসংখ্যান অফিস | ০৮ |
| ➢ ভিশন ও মিশন | ০৮ |
| ১.৪ জেলা পরিসংখ্যান অফিস এর জনবল | ০৮ |
| ১.৫ জেলা পরিসংখ্যান অফিস এর সাংগঠনিক কাঠামো | ০৯ |
| ১.৬ জেলা পরিসংখ্যান অফিস এর কার্যাবলি | ০৯ |
| ➢ কৃষি পরিসংখ্যান সংক্রান্ত কার্যাবলি | ১০ |
| ➢ কৃষি মজুরি হার | ১৩ |
| ➢ ভূমি ও সেচ পরিসংখ্যান | ১৩ |
| ➢ শুমারি ও জরিপসংক্রান্ত কার্যক্রম | ১৪ |
| ➢ বাজারদর ও চলতি উৎপাদন তথ্য সংগ্রহ সংক্রান্ত কার্যক্রম | ১৬ |
| ➢ প্রশাসন শাখা সংক্রান্ত কার্যক্রম | ১৬ |
| ➢ সিটিজেন চার্টার সংক্রান্ত কার্যক্রম | ১৭ |
| ১.৭ ফরিদপুর জেলার কিছু গুরুত্বপূর্ন পরিসংখ্যান সংক্রান্ত টেবিল | ১৮ |
| ➢ জনসংখ্যা (জনশুমারি ও গৃহগণনা ২০২২ অনুযায়ী) | ১৭ |
| ➢ ২০১১ সালের জনশুমারি ও গৃহগণনা অনুযায়ী জেলা ও উপজেলাভিত্তিক জনসংখ্যা | ১৯ |
| ➢ উপজেলাভিত্তিক দারিদ্রের হার (Proverty map 2016) | ১৯ |
| ➢ উপজেলাভিত্তিক দারিদ্রের হার (Proverty map 2010) | ২০ |
| ➢ জাতীয় পর্যায়ে দারিদ্রের হার | ২০ |
| ➢ স্যাম্পল ভাইটাল স্ট্যাটিসটিক্স ২০২০ ও ২০২১ | ২০ |
| ➢ ফরিদপুর জেলার শিক্ষার হার | ২১ |
| ➢ গ্যালারি | ২১-২২ |

# উপজেলা পরিসংখ্যান কার্যালয়, ভাংগা,ফরিদপুর

সার্বিক তত্ত্বাবধান ও নির্দেশনায়

**মোঃ মেহেদী হাসান, পরিসংখ্যান কর্মকর্তা**
**উপজেলা পরিসংখ্যান কার্যালয়,ভাংগা, ফরিদপুর**

কৃতজ্ঞতা যাদের প্রতি

(সম্পাদনা পরিষদ)

| | |
|---|---|
| মোঃ ইমরিত হোসেন, পরিসংখ্যান তদন্তকারী | সম্পাদক |
| মোঃ কামরুজ্জামান, পরিসংখ্যান সহকারি | সদস্য |
| রুনা আক্তার, পরিসংখ্যান সহকারি | সদস্য |
| মোঃ রুবেল মিয়া, সাঁটলিপিকার কাম কম্পিউটার অপারেটর | সদস্য |
| মোঃ মশিয়ার রহমান, ডিই/সিও | সদস্য |
| তাজিয়া আক্তার, কম্পিউটার মুদ্রাক্ষরিক | সদস্য |

## ১.০ বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো (বিবিএস)

পটভুমি:

পরিসংখ্যান কোন একটি দেশের আর্থ-সামাজিক অবস্থা, অগ্রগতি ও বৈষম্যের চিত্র তুলে ধরে। সে লক্ষে ১৯৭১ সালের মহান স্বাধীনতা সংগ্রামের পর বাংলাদেশের সঠিক পরিকল্পনা প্রণয়ন, উন্নয়ন ও অগ্রগতি পর্যবেক্ষণে পরিসংখ্যানের সম্যক গুরুত্ব উপলব্ধি করা হয়। ফলশ্রুতিতে বাংলাদেশের মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের সুদূরপ্রসারী চিন্তাধারা এবং দিক-নির্দেশনায় ১৯৭৪ সালের আগস্ট মাসে বিভিন্ন মন্ত্রণালয়ের অধীনে থাকা ৪টি পরিসংখ্যান অফিস (পরিকল্পনা মন্ত্রণালয়ের অধীন পরিসংখ্যান ব্যুরো, কৃষি মন্ত্রণালয়ের অধীন কৃষি পরিসংখ্যান ব্যুরো ও কৃষি শুমারি কমিশন এবং স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের অধীন আদমশুমারি কমিশন)-কে একীভূত করে বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো (বিবিএস) প্রতিষ্ঠা করা হয়। পরিসংখ্যান প্রস্তুত ও প্রকাশের ক্ষেত্রে কোন সমন্বিত আইন, বিধি বা নীতিমালা না থাকায় কিছু আদেশ ও পরিপত্রের মাধ্যমে পূর্বে বিবিএস এর কাজ পরিচালিত হতো। ২০১৩ সালের ২৭ ফেব্রুয়ারি পরিসংখ্যান আইন মহান জাতীয় সংসদে পাশ হওয়ার মধ্য দিয়ে বিবিএস সত্যিকার অর্থে একটি আইনগত ভিত্তি পেয়েছে। উক্ত আইনের ৬ ধারা অনুযায়ী আইন পাশের পর একই বছর ৩ মার্চ তারিখে গেজেট প্রজ্ঞাপনের মাধ্যমে বিবিএস এর ইতিহাসে একটি নতুন অধ্যায় সূচনা করেছে। এটি দেশের জাতীয় পরিসংখ্যান সংস্থা হিসেবে কাজ করছে।

বিবিএস-এর ভিশন
জাতীয় পরিসংখ্যান প্রতিষ্ঠান হিসেবে স্থানীয় ও আন্তর্জাতিকভাবে প্রতিষ্ঠা লাভ।

বিবিএস-এর মিশন

- সঠিক ও মানসম্মত এবং সময়োপযোগী, পরিসংখ্যান সরবরাহ;
- নীতি নির্ধারক, পরিকল্পনাবিদ, গবেষক ও সিদ্ধান্ত গ্রহণকারীদের চাহিদামাফিক উপাত্ত পরিবেশন;
- প্রাতিষ্ঠানিক দক্ষতা বৃদ্ধি;
- পেশাদারিত্ব প্রতিষ্ঠা।

## ১.১ বিবিএস এর কার্যাবলি:

পরিসংখ্যান আইন, ২০১৩ এর উদ্দেশ্য পূরণকল্পে বিবিএস এর কার্যাবলি নিম্নরুপ;

(ক) সঠিক, নির্ভুল, সময়োপযোগী এবং মানসম্মত পরিসংখ্যান প্রণয়ন ও সংরক্ষণ;

(খ) সঠিক, নির্ভুল, সময়োপযোগী পরিসংখ্যান প্রণয়নের জন্য দেশের আর্থ-সামাজিক বিভিন্ন ক্ষেত্রে জরিপ পরিচালনা;

(গ) জনশুমারি, কৃষি শুমারি, মৎস্য শুমারি, অর্থনৈতিক শুমারিসহ অন্যান্য শুমারি ও জরিপের লক্ষ্যে যাবতীয় কার্যক্রম গ্রহণ;

(ঘ) সরকারী পর্য়ায়ে উন্নয়ন পরিকল্পনাবিদ, নীতি-নির্ধারক, গবেষণা ও শিক্ষা প্রতিষ্ঠান, জাতীয় ও আন্তর্জাতিক সংস্থা এবং অন্যান্য ব্যবহারকারীগণের চাহিদা অনুসারে দ্রুততার সহিত নির্ভরযোগ্য ও ব্যবহারবান্ধব পরিসংখ্যান সরবরাহকরণ;

(ঙ) পরিসংখ্যান বিষয়ক নীতিমালা ও পদ্ধতি প্রণয়ন;

(চ) শাখা কার্যালয়ের কার্যাদি সরেজমিনে তদারক এবং প্রযোজ্য ক্ষেত্রে এর প্রতিবেদন পর্যালোচনা ও প্রকাশের ব্যবস্থা গ্রহণ;

(ছ) জাতীয় পরিসংখ্যান উন্নয়ন কৌশলপত্র (National Strategy for Development of Statistics) প্রবর্তন এবং সময় সময় হালনাগাদকরণ;

(জ) পরিসংখ্যান বিষয়ে দক্ষ জনশক্তি তৈরির লক্ষ্যে প্রয়োজনীয় প্রশিক্ষণ কর্মসূচি গ্রহণ;

(ঝ) পরিসংখ্যানের ভূমিকা ও কার্যক্রমের গুরুত্ব সম্পর্কে জনসচেতনতা বৃদ্ধিকরণ;

(ঞ) পরিসংখ্যান কার্যক্রম সম্পাদনে তথ্য-প্রযুক্তির ব্যবহার নিশ্চিতকরণ;

(ট) যে কোন কর্তৃপক্ষ, পরামর্শ প্রদানকারী প্রতিষ্ঠান, বেসরকারি সংস্থা এবং আন্তর্জাতিক সংস্থার সাথে পরিসংখ্যান বিষয়ে প্রয়োজনীয় সমন্বয় ও সহযোগিতা প্রদান;

(ঠ) ভোক্তার মূল্য-সূচকসহ অন্যান্য মুল্যসূচক এবং জাতীয় হিসাব প্রস্তুত করণ;

(ড) অর্থনৈতিক, পরিবেশগত, সামাজিক ও জনমিতি সংক্রান্ত নির্দেশক প্রণয়ন ও প্রকাশকরণ;

(ঢ) ভূমি ব্যবহারসহ বিভিন্ন ফসলের উৎপাদন, উৎপাদন-ব্যয় এবং ফসলাধীন জমির পরিমাণ প্রাক্কলন;

(ণ) জিও-কোড সিস্টেম প্রণয়ন এবং একমাত্র সরকারি জিও-কোড সিস্টেম হিসেবে উহা হালনাগাদকরণ ও সংরক্ষণ এবং অন্যান্য সকল সরকারি সংস্থা বা প্রতিষ্ঠানকে ব্যবহারের জন্য উদ্বুদ্ধকরণ;

(ত) জাতীয় জনসংখ্যা রেজিস্টার (National population Register) প্রণয়ন ও সময় সময় হালনাগাদকরণ;

(থ) সমন্বিত সেন্ট্রাল জিওগ্রাফিক্যাল ইনফরমেশন সিস্টেম (Geographic Information Syestem) প্রণয়ন;

(দ) পরিসংখ্যানের প্রধান প্রধান কার্যক্রমসমুহ আন্তর্জাতিক মানে প্রমিতকরণ (Standardization)

(ধ) সংরক্ষণের বিকল্প ব্যবস্থাসহ জাতীয় তথ্য ভান্ডার প্রণয়ন ও আধুনিক প্রদ্ধতিতে আর্কাইভে সংরক্ষণ;

(ন) জাতীয় ও আন্তর্জাতিক সংস্থার জন্য প্রণীত সরকারি পরিসংখ্যানের মান সত্যকরণ (Authentication)

(প) পরিসংখ্যান সংক্রান্ত পরামর্শ সেবা প্রদান;

(ফ) সরকার কর্তৃক নির্দেশিত অন্যান্য দায়িত্ব পালন; এবং

(ব) উপরিউক্ত দায়িত্ব পালন ও কার্যাবলি সম্পাদনের জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ।

## ১.২ শুমারি ও জরিপ সংক্রান্ত কার্যক্রম:

(ক) জনশুমারি ও গৃহগণনা: জনশুমারি ও গৃহগণনা বিবিএস এর একটি উল্লেখযোগ্য কার্যক্রম। জনসংখ্যার আকার, ভৌগোলিক বিন্যাস ও জনমিতির বিভিন্ন বৈশিষ্ট্যসমুহের মানসম্পন্ন Benchmark Database এর জন্য তথ্য সংগ্রহ করা, জাতীয় উন্নয়ন মূলক পরিকল্পনা প্রণয়ন ও বাস্তবায়ন, নির্বাচনী এলাকার সীমানা নির্ধারণ, জাতীয় সম্পদের সুষ্ঠু ও সুষম বন্টন, চাকরিক্ষেত্রে আঞ্চলিক কোটা নির্ধারণ প্রভৃতি কার্যক্রমে জনশুমারি ও গৃহগণনার তথ্য অপরিহার্য। ১৫-১৯ মার্চ ২০১১ দেশের পঞ্চম জনশুমারি (আদমশুমারি) ও গৃহগণনা অনুষ্ঠিত হয়েছে। উক্ত শুমারিতে প্রথম iCADE Software ব্যবহার ও ICR মেশিনে ২০১১ সালের শুমারির তথ্য প্রক্রিয়াকরণ করা হয়েছে। ডিজিটাল প্রদ্ধতি ব্যবহার করে দ্রুততম সময়ে শুমারির নির্ভুল ফলাফল দেয়া সম্ভব হয়েছে। এ শুমারির অধীন ০৫ টি ন্যাশনাল রিপোর্ট ৬৪ টি জেলা রিপোর্ট, সকল জেলার কমিউনিটি রিপোর্ট প্রকাশিত হয়েছে। একইসাথে ১৪ টি মনোগ্রাফ এবং ০১ টি পপুলেশন প্রজেকশন প্রতিবেদন প্রস্তুত করা হয়েছে। ২০২২ সালের (১৫-২১ জুন) প্রথমবারের মত সারাদেশে ডিজিটাল পদ্ধতিতে (ট্যাবলেট এর মাধ্যমে তথ্য সংগ্রহ করে) ৬ষ্ঠ জনশুমারি ও গৃহগণনা অনুষ্ঠিত হয়েছে যার প্রাথমিক প্রতিবেদন প্রকাশনা পরবর্তীতে শুমারি সম্পন্ন হওয়ার পর সম্ভাব্য কম সময়ের মধ্যে বাংলাদেশ উন্নয়ন গবেষনা প্রতিষ্ঠান কতৃক গণনা পরবর্তী যাচাই (পিইসি) কাযক্রম সম্পন্ন করা হয়। চূড়ান্ত ফলাফল প্রস্তুতের কাজ চলমান রয়েছে।

(খ) অর্থনৈতিক শুমারি: ২০১৩ সালের মার্চ-মে মাসে বাংলাদেশে তৃতীয় অর্থনৈতিক শুমারির তথ্য সংগ্রহ কার্যক্রম সম্পন্ন করা হয়। অ-কৃষিমূলক খাতগুলোকে পরিকল্পিতভাবে উন্নয়নমুখী করার লক্ষ্যে একটি পরিসংখ্যান ভিত্তিক কাযক্রম ভিত গড়ে তোলাই এ শুমারির মূল উদ্দেশ্য। তৃতীয় অর্থনৈতিক শুমারির মাধ্যমে সংগৃহীত তথ্য প্রক্রিয়াকরণ করে কম সময়ের মধ্যে গত ১৭ নভেম্বর ২০১৩ তারিখে শুমারির প্রাথমিক ফলাফল প্রকাশ করা হয়। এ ছাড়া শুমারির মাধ্যমে সংগৃহীত তথ্যের গুণগত মান যাচাইয়ের লক্ষ্যে মূল শুমারি সম্পন্ন হওয়ার পর সম্ভাব্য কম সময়ের মধ্যে বাংলাদেশ উন্নয়ন গবেষনা প্রতিষ্ঠান কতৃক গণনা পরবর্তী যাচাই (পিইসি) কাযক্রম সম্পন্ন করা হয়। আধুনিক সফটওয়্যার ব্যবহার করে এবারই প্রথম ইউনিয়ন তথ্য ও সেবা কেন্দ্রের (UISC) মাধ্যমে স্থানীয় পর্যায়ে স্থাপিত সরকারের অত্যাধুনিক প্রযুক্তি ব্যবহার করে সম্ভাব্য সর্বনিম্ন সময়ের মধ্যে অর্থনৈতিক শুমারির তথ্য  বিবিএস সদর দপ্তরে কম্পিউটারে ধারণ করা হয়। অর্থনৈতিক শুমারির সকল রিপোর্ট যথাসময়ে প্রকাশ করা হয়েছে। বিজনেস রেজিস্ট্রার: দেশের প্রত্যেকটি স্থায়ী ব্যবসা-প্রতিষ্ঠানের কিছু গুরুত্বপূর্ণ মৌলিক তথ্যসম্বলিত একটি পূর্ণাঙ্গ কেন্দ্রিভূত তথ্য ভান্ডার তৈরির লক্ষ্যে ইতোমধ্যে বিজনেস রেজিস্ট্রার (Business Registers) প্রস্তুত কাযক্রম হাতে নেওয়া হয়েছে। এটি দেশের অর্থনৈতিক পরিসংখ্যান প্রণয়নের প্রধান কাঠামো হিসেবে ব্যবহৃত হবে। বিজনেস রেজিস্ট্রারে প্রতিটি প্রতিষ্ঠানের নাম, ঠিকানা,

আইনগত কাঠামো, কার্যাবলির ধরণ, নিয়োজিত জনবলের সংখ্যা, বাৎসরিক গড় উৎপাদন, মোট সম্পদের পরিমাণ ইত্যাদি তথ্য থাকবে।

(গ) কৃষি শুমারি: দশ বছরের ধারাবহিকতায় দেশের পরবর্তী অর্থাৎ ৫ম কৃষি শুমারি ২০১৯ সালে অনুষ্ঠিত হয়েছে। পরিসংখ্যান আইন ২০১৩ অনুযায়ী কৃষি (শস্য, মৎস্য ও প্রাণিসম্পদ) শুমারি অনুষ্ঠিত হবে। সমন্বিতভাবে এ শুমারি কাযক্রম সম্পন্ন হয়েছে। কৃষি, ভূমি ব্যবহার, মৎস্য ও প্রাণিসম্পদ খাতের অবকাঠামোগত পরিবর্তন বিষয়ক তথ্য এ শুমারিতে সংগ্রহ ও প্রকাশ করা হয়েছে।

(ঘ) ভাইটাল স্ট্যাটিসটিকস: বিবিএস ১৯৮০ সাল হতে স্যাম্পল ভাইটাল রেজিস্টেশন সিস্টেম শীর্ষক জরিপ নিয়মিতভাবে পরিচালনা করে বার্ষিক প্রক্ষেপিত জনসংখ্যা, জন্মহার, মৃত্যুহার, শিশু মৃত্যুহার, মাতৃ মৃত্যুহার, প্রত্যাশিত গড় আয়ু, বিবাহ/তালাকের হার, আগমন-বহির্গমন হার, জন্ম নিরোধক ব্যবহার হার ও প্রতিবন্ধী হার ইত্যাদি তথ্য প্রকাশ করে থাকে। বর্তমানে এস ভি আর এস ইন ডিজিটাল প্ল্যাটফর্ম প্রকল্পের আওতায় CAPI পদ্ধতিতে সারাদেশ হতে ২০১২ টি নমুনা এলাকা হতে তথ্য সংগৃহিত হচ্ছে।সর্বশেষ ২০২১ সালের বার্ষিক প্রতিবেদন ও ২০২২ সালের প্রাধমিক ফলাফল প্রকাশিত হয়েছে।

(চ) অন্যান্য শুমারি ও জরিপসমূহ: এছাড়াও বিবিএস এর রাজস্ব ও উন্নয়ন খাতের বাজেটের অর্থে নিয়মিতভাবে বিভিন্ন জরিপের মাধ্যমে পরিসংখ্যান প্রণয়ন করে থাকে। ২০১৪-১৫ অর্থবছরে উইং ভিত্তিক বিভিন্ন কর্মসূচি যথা-বস্তি শুমারি ও ভাসমান লোকগণনা ২০১৪, হেলথ অ্যান্ড মরবিডিটি স্ট্যাটাস সার্ভে ২০১৪, চাইল্ড মাদার নিউট্রিশন সার্ভে ২০১৪, এডুকেশন হাউজহোল্ড সার্ভে ২০১৪, জনজীবনে জলবায়ু পরিবর্তনের প্রভাব শীর্ষক জরিপ ২০১৫, পল্লী ঋণ জরিপ ২০১৪, বিভিন্ন ফসলের উৎপাদনশীলতা নিরূপণ জরিপ, জাতীয় হিসাব উন্নয়ন কর্মসূচি এবং স্টেট ফেইজ ফর ন্যাশনাল পপুলেশন রেজিস্ট্রার কার্যক্রমসমুহ সম্পন্ন করেছে। এছাড়াও বিবিএস নিয়মিতভাবে ত্রৈমাসিক শ্রমশক্তি জরিপ, শিশু শ্রমশক্তি জরিপ, মাল্টিপল ইনডিকেটর ক্লাস্টার সার্ভে, উৎপাদনশীলতা জরিপ, সার্ভে অব ম্যানুফ্যাকচারিং ইন্ডাস্ট্রি এবং মজুরি হার জরিপ ইত্যাদি পরিচালনা করে থাকে।

## ১.৩ উপজেলা পরিসংখ্যান অফিস,ভাংগা:

উপজেলা পরিসংখ্যান অফিসটি জেলা পরিসংখ্যান অফিস,ফরিদপুর এর অধীন বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর স্থানীয় অফিস।বর্তমান সরকারের আমলে ৬৪ জেলায় জেলা পরিসংখ্যান অফিস সৃষ্টি করা হয়। এই অফিসে জাতীয় ও স্থানীয় পর্যায়ের বিভিন্ন নির্দেশকের উপর পরিসংখ্যানগত সেবা পাওয়া যায়।জেলা পর্যায়ে এটি সরকারের একমাত্র তথ্য প্রদানকারী সংস্থা হিসেবে পরিচিত এর আওতাধীন ৯টি উপজেলা পরিসংখ্যান অফিস রয়েছে।

ভিশন:
সার্বজনীন ব্যবহারবান্ধব পদ্ধতিতে নির্ভরযোগ্য, প্রাসঙ্গিক ও সময়োপযোগী তথ্য উপাত্ত সরবরাহের মাধ্যমে আন্তর্জাতিক মানের জাতীয় পরিসংখ্যান প্রতিষ্ঠান হিসেবে প্রতিষ্ঠা লাভ।

মিশন:
(১) বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো'র দিকনির্দেশনায় ও নেতৃত্বে একটি সুসংহত, পেশাদারি, দক্ষ ও কার্যকরী পরিসংখ্যান পদ্ধতি প্রতিষ্ঠা করা:
(২) জাতীয় ও আন্তর্জাতিক পর্যায়ে তথ্য-উপাত্ত ব্যবহারকারীদের চলমান ও ক্রমবর্ধমান চাহিদা মেটাতে স্বচ্ছ ও সময়োপযোগী প্রক্রিয়ায় আন্তর্জাতিক মান ও সর্বোত্তম পরিসংখ্যান চর্চার পদ্ধতি অনুসরণপূর্বক সরকারি পরিসংখ্যান প্রণয়ন ও প্রকাশ করা।

## ১.৪ উপজেলা পরিসংখ্যান অফিস এর জনবল (অক্টোবর,২০২৩ খ্রি.তারিখে):

| | প্রথম শ্রেণি | দ্বিতীয় শ্রেণি | তৃতীয় শ্রেণি | চতুর্থ শ্রেণি | আউটসোর্সিং | মোট |
|---|---|---|---|---|---|---|
| অনুমোদিত | ১ | ০ | ৩ | ১ | ০ | ৫ |
| কর্মরত | ১ | ০ | ১ | ০ | ০ | ২ |

## ১.৫ উপজেলা পরিসংখ্যান অফিস এর সাংগঠণিক কাঠামো:





Table 1

## ১.৬ উপজেলা পরিসংখ্যান অফিস এর কার্যাবলি:

কৃষি শাখা:

### **কৃষি পরিসংখ্যান সংক্রান্ত কার্যাবলি:**

ফরিদপুর জেলা পরিসংখ্যান অফিস জেলা পর্যায়ে কৃষি বিষয়ক তথ্য সংগ্রহ ও সংকলন করে থাকে।সংগ্রহ ও সংকলনের মধ্যে ৬টি প্রধান ফসলের (আউশ, আমন, বোরো, গম, পাট ও আলু) আবাদকৃত জমির হিসাব সবচেয়ে গুরুত্বপূর্ণ। এ ৬টি প্রধান ফসল ছাড়াও অপ্রধান প্রায় ১৪০টি ফসলের বছরভিত্তিক আবাদি জমির পরিমান ও উৎপাদন হিসাব প্রস্তুত করে সদর দপ্তরে প্রেরণ করে হয়। ভূমি ব্যবহার. কৃষি মজুরি, সেচ পরিসংখ্যান, ফসলের ক্ষয়ক্ষতি ও অন্যান্য কৃষি পরিসংখ্যানও সদর দপ্তরে প্রেরণ করা হয়।

**কৃষি পরিসংখ্যানের মধ্যে উল্লেখযোগ্য কার্যবলি:**

- ৬টি প্রধান ফসলের (আউশ, আমন, বোরো, গম, পাট ও আলু) এবং অপ্রধান প্রায় ১৪০টি ফসলের আয়তন ও উৎপাদন হিসাব প্রাক্কলন
- ৬ টি প্রধান ফসলের পূর্বাভাস জরিপ
- অস্থায়ী ফসলের ক্ষয়ক্ষতির হিসাব প্রক্কলন
- মাসিক কৃষি মজুরি হার নিরুপন
- ভূমির ব্যবহার ও সেচ পরিসংখ্যান

**২০২১-২২ এবং ২০২২-২৩ অর্থ বছরে ৬টি প্রধান ফসল (আউশ, আমন, বোরো, গম. আলু ও পাট) এর আবাদি জমির পরিমাণ উৎপাদনের হিসাবঃ**

| ফসলের নাম | ২০২১-২২ | | ২০২২-২৩ | |
|---|---|---|---|---|
| | আবাদি জমির আয়তন(একরে) | উৎপাদন (লক্ষমে. টন) | আবাদি জমির আয়তন(একরে) | উৎপাদন (লক্ষমে. টন) |
| আউশ | ২০১৯০ | ১২০১০ | ১৫০২৪ | ১২০৭২ |
| আমন | ২০২৬৩৭ | ২২২৩৪৬ | ১৯৯৮৫১ | ২২৮৬৬৩ |
| বোরো | ৫৭১৫৭ | ১০২৪১৩ | ৫২৭৩৪.৮৬ | ১৪৭০৭৩.৫ |
| গম | ৪৫২২৩ | ৬৭২৬৯ | ৪৬৯২৮ | ৬৭৫১০ |
| আলু | ৫৩২ | ৪৯৯২ | ২৪৮.৮৫ | ২৪২২.৭২ |
| পাট | ২১০৪০৫ | ১৪৩৭৯৮ | ২১৫৬২৫ | ১৮০৭৬৯ |

**২০২১-২২ এবং ২০২২-২৩ অর্থ বছরে ১৪০টি অ-প্রধান (১৩টি গ্রুপ) ফসলের অধীন আবাদি জমির পরিমাণ ও উৎপাদন হিসাবঃ**

| ফসলের গ্রুপ | ফসলের নাম | ২০২১-২২ | | ২০২২-২৩ | |
|---|---|---|---|---|---|
| | | আবাদি জমির আয়তন(একরে) | উৎপাদন (মে. টন) | আবাদি জমির আয়তন(একরে) | উৎপাদন (মে. টন) |
| দানা জাতীয় | যব | | | | |
| | রবি জোয়ার | ০০ | ০০ | ০০ | ০০ |
| | গ্রীষ্মকালীন জোয়ার | ০০ | ০০ | ০০ | ০০ |
| | রবি ভুট্টা | ৭৭৪ | ১৭৫৪ | ৭৯৭.৫ | ১৭৬৪ |
| | খরিপ ভুট্ট | ০০ | ০০ | ০০ | ০০ |
| | চিনা ওকাউন | ০০ | ০০০ | ০০ | ০০ |
| ডাল জাতীয় | ছোলা | ২১০.১১ | ৮৫.৩১৭ | ১৯৯.৩ | ৭৮.৩৮৪ |
| | অড়হর | ০৫ | ১.৫ | ০১ | ০১ |
| | মসুর | ৪১৪১৭ | ২৮৬৪৬.৪ | ৩৮৮৯৩ | ২৭০৭৭.৭ |
| | মটর | ১৭০২ | ৭২১.৩৪২ | ১৬৮৭ | ৭৩৩.৬৪৪ |
| | মুগ | ৯৬০..৭ | ৭৩৫০.৬৫ | ৯৮৮.৫ | ৩৫৩.২৫৫ |
| | মাসকলাই | ১৯৬৯.৭ | ৭৭৬.২৫ | ২০২.৯৩ | ৭৭১.৭৭ |
| | খেসারি | ১৩৯৫০ | ৬৬০৮.১৪১ | ১৩১৫২ | ৬২৩৬.৯৩ |
| তেল জাতীয় | শীতকালীন তিল | ১৩২.৫ | ৪৫.৬৬৫ | ১৩৫ | ৪৯.৭১ |
| | খরিপ তিল | ৩৭১৩.৫৮ | ১৫৩৯ | ৩৫৭২.৪ | ১৩৬৫ |

| | | | | | |
|---|---|---|---|---|---|
| | রাই ও সরিষা(দেশী) | ১৯৯৪৩ | ৬৪২৩ | ১৯৮৫৭ | ৬৪৫৮.৪১ |
| | রবি চীনা বাদাম | ৫৩২৯ | ৬০৭২ | ৫৩৩০ | ৬০৩৪ |
| | খরিপ চীনা বাদাম | ১৩৯ | ১০৪ | ১৪৬ | ৮৭ |
| | সয়াবিন | ০০ | ০০ | ০০ | ০০ |
| | নারিকেল | ৪২২ | ৪৯৪৭ | ৪১০ | ৫১১৪ |
| | তিসি | ২৪৯৮ | ৫৫০ | ২৪৭০ | ৫৬৯ |
| মশলা জাতীয় | রবি মরিচ | ২৫৭২ | ২৪৬৩.৮ | ২৫৭১.৫ | ২৪৬১.২ |
| | খরিপ মরিচ | ৪০৫১.৭৩ | ৪৮৯৮.৬৯৮ | ৩৯৮৯ | ৯৩৬৪.৮ |
| | পেঁয়াজ | ৮২১০৫ | ৪৪৫৫০৪ | ১০২৯১ | ৫৪৪৪৯২ |
| | রসুন | ৫৮০১.৬৫ | ৯০৭২.৫৪ | ৬০০৬.৩ | ১০১৪২.৭৫ |
| | আদা | ২৬.০৫ | ৩৮.৬৮ | ২৪.৩২ | ৩৮.৬৮ |
| | ধনিয়া | ৩৪৭৯ | ১৪৮৭.৫০৭ | ৩৫৮১ | ১৫২৮.৯০৫ |
| | ক্যাপসিকাম | ০০ | ০০ | ০০ | ০০ |
| সুগার জাতীয় | আখ | ৬৫২৮.৩ | ১০২৭৩৭.৬১ | ৬২৭৩ | ৮৯৪৯৭.৩৩ |
| | খেজুর | ৩৭৯ | ১২৪০ | ৪৬৮ | ১২০৩ |
| | খেজুরের রস | ৪৬৯ | ৪০১৬ | ৪৬৭ | ৪০২০ |
| | তালের শাস | ৮৩ | ৮০৮২ | ৮৪ | ৮০৮২ |
| | পাকা তাল(রস) | ১১৮ | ২১৮৫ | ১৭২ | ২১৭৭ |
| | পাকাতাল | ২৪৯ | ৭৭৪৪ | ৩০৬ | ৭৭২৭ |
| আঁশ জাতীয় | খরিপ তুলা(কুমিল্লা) | ০০ | ০০ | ০০ | ০০ |
| | রবি তুলা (আমেরিকান) | ০০ | ০০ | ০০ | ০০ |
| | শণ (শীতকালীন) | ০০ | ০০ | ০০ | ০০ |
| | শিমুল তুলা (শীতকালীন) | ১০০ | ২২৬ | ১০১ | ১২৩ |
| নেশা জাতীয় | তামাক | ৩৯ | ৩৬ | ৩৭ | ৩৪ |
| | যতি | ০০ | ০০ | ০০ | ০০ |
| | মতিহার | ০০ | ০০ | ০০ | ০০ |
| | ভার্জিনিয়া | ০০ | ০০ | ০০ | ০০ |
| | পান | ১৪১ | ২৮২ | ১৩০ | ২৬৫ |
| | চা | ০০ | ০০ | ০০ | ০০ |
| | সুপারি | ১৭৮ | ৮২৭ | ১৮০ | ৮১৬ |
| সবজি জাতীয় (গ্রীষ্মকালীন) | কাঁকরোল | ২৭.২ | ৩৯.৫৬ | ৩০ | ১০০.২৭৮ |
| | মিষ্টি কুমড়া | ২৯৩.০৪ | ৭৩২.২১ | ৩০৭.৪ | ৯৬৪.৯৫ |
| | বেগুন | ৭৯২.৫ | ২৮১৬.৩১ | ৮০৭ | ২৯৪৬.৮৫ |
| | পটল | ১৮১.৮ | ২৭৭.৬ | ১৯৮.৫৬ | ৩১৫.৬৫০৫ |
| | ঢেড়শ | ৪৭০ | ৯১০.৮৪ | ৪৭১ | ১২১৯.৮৭ |
| | ঝিংগা | ৪১১.৫ | ৮৫৬.৫ | ৪০২ | ৮৩৮.৩২ |
| | করলা | ৩২৪.৫১ | ৩৯৪.৪ | ৩৩৪.৬৫ | ৯১৯.৫১৬ |
| | কাঁচা কলা | ২০৭.১ | ২২৮.৬২৯ | ২৩০.২ | ৮৯৫.৩২৫ |
| | চাল কুমড়া | ৪২৩ | ১৩৪৩ | ৪২২ | ১৩৩৩ |
| | শশা | ২৭৯ | ৮৪২ | ২৭৯ | ৮৪২ |
| | খিরা | ৯১ | ৩০৩ | ৯০ | ৩০২ |
| | পুঁইশাক | ৫৮৪.৪৩ | ১২৮৫.৮৭ | ৫৯০.৯ | ১৩৬০.৬৩৫ |
| | চিচিংগা | ৩৯৭.৮৪ | ৬৩৫.২২৫ | ৩৮০.৭ | ৬৬৯.২৪৪ |

| | | | | | |
|---|---|---|---|---|---|
| | ডাটা | ৫৮৪ | ১৩৩০.৯৬ | ৫২৮.৫ | ১২৭৯.০৮৫ |
| | বরবটি | ২১৭.৯৬ | ৩৫০.১৫৫ | ২২৯.৬৫ | ৪৮৮.৪৬ |
| | ধুন্দল | ২৩৩.২৮ | ৪৮৫.৩৭২ | ২৪৬.৮ | ৫৫৬.৮১ |
| | কচুর লতি | ২০২.১৪ | ২৯৫ | ২০০.২ | ২৮৯.৫৯ |
| সবজি জাতীয় (শীতকালীন) | সজিনা | ২১২ | ২৬৬ | ২১৮ | ২৯০ |
| | কাঁচা পেঁপে | ৪৪৫ | ৩৩০৪ | ৪৪৮ | ৩৬৮৩ |
| | বেগুন | ৬১৪ | ২২৭৯.৪ | ৬০৬.৫ | ২২১৭.৩৪৩ |
| | মিষ্টি কুমড়া | ৪৬৬ | ১৫৭৫.৪২ | ৪৭৩.৫ | ২৩৮৭ |
| | ফুল কপি | ৬৬৬ | ২৫৬১.৯৫৪ | ৬৪৪ | ৩৮৪১.১২ |
| | বাঁধা কপি | ৫৭৯ | ১৬২৯.৮ | ৪০২ | ২২৩১ |
| | পানি লাউ | ৯৩৯ | ৩৮৬৩.৫ | ৯৫৪.৪ | ৪০৩২.৪৯ |
| | টমেটো | ৮০১.৮৭ | ৪৬৪৬.২৪ | ৮০৩.৫ | ৪৬৪৮.৬৩ |
| | মুলা | ৫৯৮ | ২৭৫৩ | ৫৫৬ | ২৮৬৮.০৬৩ |
| | সীম | ৪৯৬ | ৯০১.২৫ | ৫০৯.৩ | ৯২৪.০৩৫ |
| | গাজর | ৩৪ | ৬৬ | ৩৫ | ৬৮ |
| | পালং শাক | ১২.১৮ | ২৩৪১.৫৮ | ১৭৬.১৫ | ২৩৫০.৮১ |
| | লাল শাক | ২৬১ | ৫৪৭.৫ | ২৬৫ | ৫৪৭.৩৭৫ |
| | লাউ শাক | ১৬১ | ২০০ | ১৫৯ | ১৯৬.৯৫ |
| ফল (অস্থায়ী) | পাকা কলা | ২০২ | ৬২৪ | ২০৬ | ১০৪৫ |
| | আনারস | ০০ | ০০ | ০০ | ০০ |
| | বাংগী | ৬৮৭ | ৩৯১৫.৫ | ৬৯৩ | ৩৯৫৩.১৭ |
| | তরমুজ | ৭৮.৯ | ৬২১.০৮ | ৭৯.৮ | ৬২৪.২২৫ |
| | স্ট্রবেরি | ০০ | ০০ | ০০ | ০০ |
| | পানি ফল | ০০ | ০০ | ০০ | ০০ |
| | আম | ৯৭৩ | ৮৬১৭ | ৯৮৭ | ৯৬৫০ |
| | কাঁঠাল | ৭৮০ | ১৩৫৩ | ১৭৭৮ | ১৩১৭ |
| | কমলা | ০০ | ০০ | ০০ | ০০ |
| | কুল | ৬৭ | ৭২৩ | ৬৭ | ৭৬৬ |
| | জামরুল | ৭৪ | ৩৪৯ | ৭৬ | ৩৭১ |
| | কামরাংগা | ১৯ | ৭২ | ১৯ | ৭৪ |
| | জলপাই | ৪২ | ৬৬ | ৭৯ | ৮৬ |
| | আমড়া | ৪৭৬ | ৬৭৪ | ৪৭৩ | ৬৭৩ |
| | তেঁতুল | ১৫৫ | ২২৫ | ১৫৫ | ২৪০ |
| | লিচু | ৩৯২ | ৭৯২ | ৩৯৩ | ৮২৮ |
| | পেয়ারা | ২৪১ | ১৩৯৩ | ২৩০ | ১৪০৭ |
| | লেবু | ১২৯ | ২৮৩ | ১১২ | ৩২০ |
| | জাম্বুরা/বাতাবী লেবু | ১১৮ | ৭১৮ | ১১৭ | ৬৯৩ |
| | পাকা পেঁপে | ১১১ | ১১০৬ | ১১২ | ১১৪৩ |
| | ডাব | ৫৪৯ | ৪৭১৭ | ৫৩০ | ৪৮১৭ |
| | বেল | ৭০ | ৬৮৭ | ৭১ | ৬৯৯ |
| | কালজাম | ৮৭ | ৬৮০ | ৯০ | ৬৮০ |
| ফুল জাতীয় | গোলাপ ফুল | ০৪ | ০২ | ০৯ | ০২ |
| | গাঁদা | ৬.৯৭ | ০৯ | ৭.৮৭ | ৮.৮ |
| | রজনীগন্ধা | ০০ | ০০ | ০০ | ০০ |
| | গ্লাডিওলাস | ০০ | ০০০ | ০০ | ০০ |
| অন্যান্য ফসল | মিষ্টি আলু | ৫৩৯ | ২০৪২ | ৫১৮ | ১৯৭৩.৮৭ |

| | | | | | |
|---|---|---|---|---|---|
| | তুঁত | ০০ | ০০ | ০০ | ০০ |
| | গো-খাদ্য | ৩৭৪ | ৫৮৮ | ৪১১ | ৬৪২.৬ |

## কৃষি মজুরি হার:

বিবিএস মাসিক ভিত্তিতে কৃষি মজুরি হার সংক্রান্ত পরিসংখ্যান প্রণয়ন করে থাকে ।কৃষি মজুরি হার সংগ্রহের জন্য প্রতি উপজেলা হতে নমুনা ভিত্তিতে ১০ জন কৃষি দিনমজুরের সাক্ষাৎকারের ভিত্তিতে উপজেলার কৃষি মজুরের হার নিরুপণ করা হয়। কৃষি দিনমজুর পাওয়া না গেলে যারা কৃষি কাজের জন্য দৈনিক ভিত্তিতে মজুর নিয়োগ করেছেন এমন কৃষকের নিকট থেকে তথ্য নেয়া হয় । ১৫ বছর এবং তদূর্ধ্ব বয়সের পুরূষ এবং মহিলা শ্রমিকের মজুরির হার আলাদা আলাদা নেয়া হয়। সকল উপজেলার মজুরির হার পাওয়ার পর ফরিদপুর জেলার মাসিক কৃষি মজুরির হার নিরূপণ করা হয়।

**২০২২ সনের খোরাকী ছাড়া এবং খোরাকীসহ পুরুষ ও মহিলা ভেদে কৃষি মজুরি হার নিম্নরুপঃ**

(পরিশ্রমিক টাকায়)

| ক্রঃনং | মাসের নাম | খোরাকীসহ | | | | | | বিনা খোরকী | |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | একবেলা | | দুইবেলা | | তিনবেলা | | | |
| | | পুরুষ | নারী | পুরুষ | নারী | পুরুষ | নারী | পুরুষ | নারী |
| ১. | জানুয়ারি/২০২২ | ৪৫১ | ০০ | ০০ | ০০ | ৪৫০ | ০০ | ৪৯১ | ০০ |
| ২. | ফেব্রুয়ারি/২০২২ | ৪৫৮ | ০০ | ০০ | ০০ | ৪৫০ | ০০ | ৫০০ | ০০ |
| ৩. | মার্চ/২০২২ | ৫৭১ | ০০ | ০০ | ০০ | ৫৫০ | ০০ | ৫৫৩ | ০০ |
| ৪. | এপ্রিল/২০২২ | ৪৫৭ | ০০ | ০০ | ০০ | ৫০০ | ০০ | ৩১৬ | ০০ |
| ৫. | মে/২০২২ | ৪৭১ | ০০ | ০০ | ০০ | ৫০০ | ০০ | ৫৩৩ | ০০ |
| ৬. | জুন/২০২২ | ৪৮৯ | ০০ | ০০ | ০০ | ৫৫০ | ০০ | ৫৫০ | ০০ |
| ৭. | জুলাই/২০২২ | ৫৬১ | ০০ | ০০ | ০০ | ৫৫০ | ০০ | ৬০৮ | ০০ |
| ৮. | আগস্ট/২০২২ | ৬১৪ | ৩০০ | ০০ | ০০ | ৬০০ | ০০ | ৬৭২ | ৩০০ |
| ৯. | সেপ্টেম্বর/২০২২ | ৫৭৯ | ৩০০ | ০০ | ০০ | ৫০০ | ০০ | ৬২২ | ৩০০ |
| ১০. | অক্টোবর/২০২২ | ৫০০ | ০০ | ০০ | ০০ | ৫৫০ | ০০ | ৫৬৭ | ০০ |
| ১১. | নভেম্বর/২০২২ | ৫৩৬ | ০০ | ০০ | ০০ | ৫০০ | ০০ | ৬০০ | ০০ |
| ১২. | ডিসেম্বর/২০২২ | ৫৩৬ | ০০ | ০০ | ০০ | ৫০০ | ০০ | ৬০০ | ০০ |

## ভূমি ও সেচ পরিসংখ্যান

| উপজেলার মোট আয়তন | বর্গ কিলোমিটার | একর |
|---|---|---|
| | ২১৫.৩০ | ৫৩২০৪ |

| ভূমির ব্যবহার | জমির পরিমান (একরে) | |
|---|---|---|
| | গত বছর (২০২২-২৩) | চলতি বছর (২০২৩-২৪) |
| স্থায়ী ফসলের জমি (খামার ব্যতীত/শুধু বাগানে) | ১২১৪৬ | ১২১৪০ |
| অস্থায়ী ফসলের নীট জমি (খামার ব্যতীত) | ৩৩৯৪৬৮ | ৩৩৯৭৭৩ |
| চলতি পতিত জমি | ৩১০৫ | ২৮০০ |
| আবাদযোগ্য অনাবাদী জমি | ৩৮১৩ | ৩৮২০ |

| উপজেলার নাম | আয়তন (একরে) |
|---|---|
| আলফাডাঙ্গা | ৩১৫৯৮ |
| ভাঙ্গা | ৫৩২০৪ |
| বোয়ালমারী | ৬৭১৪৬ |
| চরভদ্রাসন | ৩৮২১৭ |
| ফরিদপুর সদর | ১০২০২০ |
| মধুখালী | ৫৭০১৫ |
| নগরকান্দা | ৪৭৪৯৫ |
| সদরপুর | ৬৪৫৬৭ |
| সালথা | ৪৬০১১ |
| **ফরিদপুর জেলার মোট আয়তন** | **৫০৭২৭৩** |

** ২০১১ সালের আদমশুমারী অনুযায়ী।

## শুমারি ও জরিপ সংক্রান্ত কার্যক্রম:

### জনশুমারি ও গৃহগণনা:

জনশুমারি ও গৃহগণনা বিবিএসের একটি উল্লেখযোগ্য কার্যক্রম। জনসংখ্যার আকার, ভৌগোলিক বিন্যাস ও জনমিতির বিভিন্ন বৈশিষ্ট্যসমুহের মানসম্পন্ন Benchmark Database এর জন্য তথ্য সংগ্রহ করা, জাতীয় উন্নয়ন মূলক পরিকল্পনা প্রণয়ন ও বাস্তবায়ন, নির্বাচনী এলাকার সীমানা নির্ধারণ, জাতীয় সম্পদের সুষ্ঠু ও সুষম বন্টন, চাকরিক্ষেত্রে আঞ্চলিক কোটা নির্ধারণ প্রভৃতি কাযক্রমে জনশুমারি ও গৃহগণনার তথ্য অপরিহার্য । দেশের ৬ষ্ঠ জনশুমারি ও গৃহগণনা ২০২২ গত ১৫-২১ জুন ২০২২ শেষ হয়েছে।সারা দেশে এবারই প্রথম ডিজিটাল জনশুমারি অনুষ্ঠিত হয়েছে। জনশুমারির কাজকে সুষ্ঠভাবে পরিচালনার জন্য ফরিদপুর কে ৩টি জেলা শুমারি সমন্বয় এলাকায় ভাগ করা হয় । ৩জন জেলা শুমারি সমন্বয়কারী, ৯ জন উপজেলা শুমারি সমন্বয়কারী এবং ৫২ জন জোনাল অফিসারের তত্ত্বাবধানে শুমারি কাজ সম্পন্ন করা হয়। ফরিদপুর জেলায় প্রায় ৫০০০ জন তথ্য সংগ্রহকারী ৮৫০ জন সুপারভাইজারেরে টিমের অধীনে প্রতিটি খানা হতে ট্যাবের মাধ্যমে তথ্য সংগ্রহ কাজটি করেন।

### আর্থসামাজিক ও জনমিতিক জরিপ ২০২৩:

জনশুমারি ও গৃহগণনা ২০২১ প্রকল্পের আওতায় আর্থসামাজিক ও জনমিতিক জরিপ ২০২৩ এর তথ্যসংগ্রহ কার্যক্রম গত ২১মে-১৫জুন ২০২৩ পর্যন্ত চলমান ছিল। এ জরিপের প্রশ্নপত্রে ১৩টি বিষয়ভিত্তিক মডিউলের (খানার পরিচিতি, গৃহ, খানা, ব্যক্তি, অর্থনৈতিক কর্মকান্ড, ব্যাংকিং সুবিধা, জন্ম, মৃত্যু, বিবাহ, অভ্যন্তরীণ অভিবাসন, বিদেশ ফেরত সদস্য, আন্তর্জাতিক অভিবাসন এবং খানার পরিসম্পদসংক্রান্ত) আওতায় ১৯৫টি প্রশ্নের মাধ্যমে তথ্য-উপাত্ত সংগ্রহ করা হয়। জনশুমারির তথ্যের আলোকে ফরিদপুর জেলায় ১৭২ টি নির্বাচিত নমুনা এলাকায় ৪১ জন তথ্য সংগ্রহকারী তথ্য সংগ্রহ করেন।

### স্যাম্পল ভাইটাল রেজিস্টেশন সিস্টেম শীর্ষক জরিপ:

বিবিএস ১৯৮০ সাল হতে স্যাম্পল ভাইটাল রেজিস্টেশন সিস্টেম শীর্ষক জরিপ নিয়মিতভাবে পরিচালনা করে বার্ষিক প্রক্ষেপিত জনসংখ্যা, জন্মহার, মৃত্যুহার, শিশু মৃত্যুহার, মাতৃ মৃত্যুহার, প্রত্যাশিত গড় আয়ু, বিবাহ/তালাকের হার, আগমন-বহির্গমন হার, জন্ম নিরোধক ব্যবহার হার ও প্রতিবন্ধী হার ইত্যাদি তথ্য প্রকাশ করে থাকে। বর্তমানে SVRS (Sample Vital Registration System) ইন ডিজিটাল প্ল্যাটফর্ম প্রকল্পের আওতায় নমুনা এলাকার মাসিক ভিত্তিতে জন্ম, মৃত্যু তথা জনমিতি সংক্রান্ত তথ্য বর্তমানে CAPI পদ্ধতিতে ট্যাবলেটের মাধ্যমে সংগ্রহ করা হচ্ছে। নিয়মিত, মাসিক , ত্রৈমাসিক, ভিত্তিতে ফরিদপুর জেলায় জরিপ কাজ চলমান রয়েছে। সারা বাংলাদেশের ২০১২ টি সমুনা এলাকার মধ্যে ফরিদপুর জেলায় মোট ১৮ টি নমুনা এলাকায় স্থানীয় মহিলা রেজিস্টারগণ ট্যাবের মাধ্যমে তথ্য সংগ্রহ করে সার্ভারে প্রেরণ করেন।

**কারুশিল্পজাত পন্য জরিপ ২০২২:**

কারুশিল্পজাত পন্য জরিপ ২০২২ এর তথ্য সংগ্রহ কাজ ফরিদপুর জেলার নয়টি উপজেলার ৬৯ টি নমুনা এলাকা থেকে ১৮-১২-২২ তারিখ হতে ০৬-০১-২৩ তারিখ পর্যন্ত সময়ে সংগৃহীত হয়েছে। জয়িতা ফাউন্ডেশন এর সাথে যৌথ উদ্যোগে পরিচালিত এই কাজটির মাধ্যমে বাংলাদেশের কারুশিল্পজাত পন্যের বর্তমান অবস্থা সঠিকভাবে জানা যাবে।

**তথ্য ও যোগাযোগ প্রযুক্তি (ICT) ব্যবহার জরিপ ২০২৩:**

তথ্য ও যোগাযোগ প্রযুক্তি (ICT) ব্যবহার জরিপ ২০২৩ এর কাজ ফেব্রুয়ারি ২০২৩ থেকে সারাদেশে ১২৮৪ টি নমুনা এলাকায় শুরু হয়ে এপ্রিল/২০২৩ পর্যন্ত চলমান ছিল। এর মাধ্যমে ব্যক্তি ও খানা পর্যায়ে আইসিটি এর ব্যবহার সম্পর্কিত তথ্য সংগ্রহ করা হয়েছে। এই জরিপের উদ্দেশ্য SDG ট্র্যাকার, ITU এবং ICT বিকাশ সূচক (IDI) সহ স্থানীয় ও আন্তর্জাতিক এজেন্সি সমূহকে তথ্য সরবরাহ করে এমন খানা ও ব্যক্তি সম্পর্কিত সূচক তৈরি করা।

খাদ্য নিরাপত্তা **জরিপ ২০২৩:**

বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো কর্তৃক পরিচালিত খাদ্য নিরাপত্তা পরিসংখ্যান প্রকল্প-২০২২' শীর্ষক প্রকল্পের আওতায় পরিচালিত Food Security Assessment & Food Insecurity Experience Scale (FIES) বিষয়ক জরিপ এর কাজ (১৫-২৫) জুন পর্যন্ত চলমান ছিল। ফরিদপুর জেলায় ৮ টি নির্বাচিত নমুনা এলাকায় ৩ জন তথ্য সংগ্রহকারী তথ্য সংগ্রহ করেন।

জাতীয় শ্রম শক্তি জরিপ:

কর্মে নিয়োজিত জনবলের সংখ্যা, বেকারত্বের হার প্রাক্কলনসহ জরিপটির মাধ্যমে শ্রমশক্তি, টেকসই উন্নয়ন অভীষ্ট, ৮ম পঞ্চবার্ষিক পরিকল্পনার লক্ষ্যমাত্রা এবং শ্রমশক্তি সম্পর্কিত তুলানামূলক চিত্র পাওয়া যাবে। এ জরিপ থেকে প্রাপ্ত ফলাফল জাতীয় পরিকল্পনা প্রণয়ন এবং জাতীয় শ্রমশক্তির সুষ্ঠু ব্যবহার, কর্মসংস্থান ও বেকারত্ব নিরসনে বাস্তবসম্মত কর্মসূচী প্রণয়নে সহায়ক হবে জাতীয় শ্রম শক্তি জরিপ ২০২১ সাল হতে মাঠ পর্যায়ে চলমান রয়েছে যা ২০২৪ সাল পর্যন্ত ফরিদপুর জেলার বিভিন্ন উপজেলার ১২টি নমুনা এলাকায় চলমান থাকবে।

**টেকসই উন্নয়ন অভীষ্ট পরিবীক্ষণে প্রায়োগিক সাক্ষরতা নিরুপণ জরিপ (LAS) প্রকল্প'**

উন্নয়ন অভীষ্ট পরিবীক্ষণে প্রায়োগিক সাক্ষরতা নিরূপণ জরিপ (LAS) শীর্ষক উন্নয়ন প্রকল্পের 'প্রায়োগিক সাক্ষরতা নিরূপণ জরিপ ২০২৩' কার্যক্রম দেশব্যাপী মাঠ পর্যায়ে নির্ধারিত ৪০৯৬টি পিএসইউতে আগামি ০১ মার্চ ২০২৩ খ্রি. থেকে ২০ মার্চ ২০২৩ খ্রি. ২০ দিনব্যাপী ডিজিটাল পদ্ধতি, CAPI (Computer Assisted Personal Interviewing) ব্যবহার করে তথ্য সংগ্রহ কার্যক্রম পরিচালিত হবে। ছিল। ফরিদপুর জেলায় ৬৪ টি নির্বাচিত নমুনা এলাকায় ১৬ জন তথ্য সংগ্রহকারী তথ্য সংগ্রহ করেন। প্রায়োগিক সাক্ষরতা নিরূপণ জরিপ ২০২৩ এর চূড়ান্ত প্রতিবেদন প্রকাশিত হয়েছে

**জাতীয় শিশু শ্রম জরিপ ২০২২:**

"শিশুশ্রমে নিয়োজিত শিশুদের সংখ্যা, শিক্ষা, শারীরিক ও মানসিক ক্ষতি ও কর্মক্ষেত্রে ঝুঁকির উপর গুরুত্বপূর্ণ নির্দেশকসমূহ বের করার পাশাপাশি শিশুদের অধিকার ও ভবিষ্যতে উন্নতির জন্য জরিপটি জাতীয় পর্যায়ে বাস্তবসম্মত কর্মসূচী প্রণয়নে সহায়ক হবে। জরিপটির তথ্য সংগ্রহ কার্যক্রম ০৫ ফেব্রুয়ারি ২০২২ হতে শুরু হয়ে যা গত ০৫ মে ২০২২ পর্যন্ত মাঠে চলমান ছিল। জাতীয় শিশু শ্রম জরিপ ২০২২ এর প্রাথমিক প্রতিবেদ ন ১৯ জুলাই ২০২৩ প্রকাশিত হয়েছে।

## বাজারদর ও চলতি উৎপাদন তথ্য সংগ্রহ সংক্রান্ত:

- ফরিদপুর জেলায় প্রতিমাসে ১১-২০ তারিখের মধ্যে ২ টি নির্ধারিত বাজার হতে (CPI, WRI, BMPI, HRI) সম্পর্কিত মোট ১ হাজারটি আইটেমের বাজারদর সংগ্রহ করা হয়। সারাদেশ হতে সংগৃহীত তথ্যের ভিত্তিতে CPI (Consumer Price Index) নির্ণয় করা হয়, যার মাধ্যমে সারাদেশের মূল্যস্ফীতির হার নির্ধারিত হয়।

- ফরিদপুর জেলায় ১০টি ক্ষুদ্র প্রতিষ্ঠান থেকে মাসিক ভিত্তিতে QIIP (Quantum Index of Industrial Production) ও PPI (Producer Price Index) তথ্য সংগ্রহ করা হয়। QIIP ও PPI এর মাধ্যমে Quarterly GDP প্রস্তুত করা হবে।

## প্রশাসন শাখা সংক্রান্ত কার্যক্রম:

- বিবিএস এর ননগেজেটেড কর্মকর্তা/কর্মচারীদের আন্তঃ জেলা/উপজেলা কার্যালয়ে বদলি/প্রেষণ/সংযুক্তি প্রদান সংক্রান্ত কাজ সম্পন্ন;
- বিভিন্ন সরকারি/বেসরকারি সংস্থার সাথে যোগাযোগ রক্ষা সংক্রান্ত কাজ সম্পন্ন করা;
- জেলা/ উপজেলা কার্যালয়ে কর্মরত কর্মকর্তা/কর্মচারীদের প্রশিক্ষণ, জিপিএফ অগ্রিম মঞ্জুর সংক্রান্ত কাজ সম্পন্ন করা;
- ৩য় ও ৪র্থ শ্রেনীর কর্মচারীদের পিআরএল, পেনশন ও প্রশাসনিক কাজ সম্পন্ন করা;
- জেলা কার্যালয় ও উপজেলা কার্যালয় সমূহের ১ম ও ২য় শ্রেণির কর্মকর্তাদের এসিআর সংগ্রহ ও সদর দপ্তরে পাঠানোর ব্যবস্থা গ্রহণ করা হয়েছে;
- জেলা কার্যালয় ও উপজেলা কার্যালয় সমূহের ৩য় ও ৪র্থ শ্রেণির কর্মচারীদের এসিআর সংগ্রহ ও সংরক্ষণের ব্যবস্থা গ্রহণ করা হয়েছে;
- জেলা কার্যালয় ও উপজেলা কার্যালয় সমূহের ২য়, ৩য় ও ৪র্থ শ্রেণির কর্মকর্তা-কর্মচারীদের ছুটি সংক্রান্ত কার্যাদি সম্পন্ন করা হয়েছে;
- জেলা কার্যালয় ও উপজেলা কার্যালয় এর বিভিন্ন বিষয়ে প্রয়োজনীয় কমিটি গঠন সংক্রান্ত কাজ সম্পন্ন হয়েছে;
- নীতিগত/আর্থিক বিষয়ে সরকারের জারীকৃত স্মারক/পরিপত্র জেলার সকল উপজেলা কার্যালয়ে অগ্রায়ণের কাজ সম্পন্ন হয়েছে;
- বিবিএস এর জেলা ও উপজেলা কার্যালয়ে কর্মরত কর্মচারীগণের চাকরি হতে ইস্তফা প্রদান সংক্রান্ত কাজ সম্পন্ন করা জন্য সদর দপ্তরে প্রেরণ করা হয়েছে;
- জেলা ও উপজেলা কার্যালয়ের কর্মকর্তা/কর্মচারীগণের দক্ষতা বৃদ্ধির জন্য জেলা অফিস হতে প্রশিক্ষণ প্রদান;
- জেলা ও উপজেলা অফিসসমূহের মাসিক, ত্রৈমাসিক, ষান্মাসিক ও বাৎসরিক ব্যয়ের হিসাব ও তদারকি সংক্রান্ত কার্যাবলী।
- জেলা ও উপজেলা পরিসংখ্যান কার্যালয়ের বার্ষিক বেতন ভাতা ও আনুসঙ্গিক খাতে বরাদ্দের চাহিদাপত্র সদর দপ্তরে প্রেরণ করা হয়েছে।
- জেলা কার্যালয়ের সকল শ্রেণির কর্মকর্তা/কর্মচারীদের বেতন-ভাতার বিল, আনুষংগিক বিল ইত্যাদি পরিশোধ করা হয়েছে;
- জেলা একাউন্টস অফিসের সাথে আয়-ব্যয়ের হিসাবের সমন্বয় সাধন এবং মাসিক, ত্রৈমাসিক, ষান্মাসিক ও বাৎসরিক হিসাবের প্রতিবেদন প্রেরণ করা হয়েছে;

## সিটিজেন চার্টার (সেবা প্রদান প্রতিশ্রুতি)
## উপজেলা পরিসংখ্যান কার্যালয়, ফরিদপুর

- ভিশন: সার্বজনীন ব্যবহারবান্ধব পদ্ধতিতে নির্ভরযোগ্য, প্রাসঙ্গিক ও সময়োপযোগী তথ্য উপাত্ত সরবরাহের মাধ্যমে আন্তর্জাতিক মানের জাতীয় পরিসংখ্যান প্রতিষ্ঠান হিসেবে প্রতিষ্ঠা লাভ।
- মিশন: (১) বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো'র দিকনির্দেশনায় ও নেতৃত্বে একটি সুসংহত, পেশাদারি, দক্ষ ও কার্যকরী পরিসংখ্যান পদ্ধতি প্রতিষ্ঠা করা:
- (২) জাতীয় ও আন্তর্জাতিক পর্যায়ে তথ্য-উপাত্ত ব্যবহারকারীদের চলমান ও ক্রমবর্ধমান চাহিদা মেটাতে স্বচ্ছ ও সময়োপযোগী প্রক্রিয়ায় আন্তর্জাতিক মান ও সর্বোত্তম পরিসংখ্যান চর্চার পদ্ধতি অনুসরণপূর্বক সরকারি পরিসংখ্যান প্রণয়ন ও প্রকাশ করা।
  ক ও খ) নাগরিক ও দাপ্তরিক সেবা

| ক্রঃ নং | সেবার নাম | সেবা প্রদান পদ্ধতি | সেবা প্রদানের সর্বোচ্চ সময় | প্রয়োজনীয় কাগজপত্র | প্রয়োজনীয় কাগজপত্র/ আবেদন ফরম প্রাপ্তিস্থান | সেবামূল্য এবং পরিশোধ পদ্ধতি | দায়িত্ব প্রাপ্ত কর্মকর্তার পদবি, অফিসিয়াল টেলিফোন ও ই-মেইল |
|---|---|---|---|---|---|---|---|
| ০১ | ০২ | ০৩ | ০৪ | ০৫ | ০৬ | ০৭ | ০৮ |
| ০১ | জনমিতি, শিক্ষা, স্বাস্থ্য, ব্যবসা-বাণিজ্য এবং অন্যান্য আর্থ সামাজিক তথ্য সরবরাহ | ১) লিখিত, ই-মেইল এর মাধ্যমে অথবা<br>২) তথ্য অধিকার আইন-২০০৯ এর নির্ধারিত ফরমে আবেদন করতে হবে। | ১) অনধিক ০৩ (তিন) কার্যদিবস<br>২) তথ্য অধিকার আইন-২০০৯ কর্তৃক নির্ধারিত | আবেদন পত্র | ১)জেলা/ উপজেলা পরিসংখ্যান কার্যালয়<br>২) তথ্য কমিশন ওয়েবসাইট | i) বিনামূল্যে<br>ii) তথ্য অধিকার আইন-২০০৯ কর্তৃকনির্ধারিত | উপপরিচালক জেলা পরিসংখ্যান কার্যালয়, ফরিদপুর। ফোন: ০২৪৭৮৮০২৭২৩ ই-মেইল ddbbsfaridpur@gmail.com |
| ০২ | জনসংখ্যা প্রত্যয়নপত্র | বিভিন্ন ধরণের শিক্ষা প্রতিষ্ঠান, Safetynet Programme পরিচালনা ইত্যাদি ক্ষেত্রে সংশ্লিষ্ট এলাকার নাম উল্লেখপূর্বক সংস্থা/প্রতিষ্ঠানের নিজস্ব প্যাড/সাদা কাগজে, ১) লিখিত/ই-মেইল এর মাধ্যমে ২) তথ্য অধিকার আইন-২০০৯ এর নির্ধারিত কার্যালয়/পরিসংখ্যান কর্মকর্তা, উপজেলা পরিসংখ্যান কার্যালয় বরাবর আবেদন করা সাপেক্ষে জনসংখ্যা বিষয়ক প্রত্যয়নপত্র প্রদান করা হয়। | ১) অনধিক ০৩ (তিন) কার্যদিবস<br>২) তথ্য অধিকার আইন-২০০৯ কর্তৃক নির্ধারিত সময় | আবেদন পত্র | নিজ /জেলা পরিসংখ্যান কার্যালয় | বিনামূল্যে | |
| ০৩ | প্রকাশনা সমূহের soft copy | ১)ওয়েব সাইট এর মাধ্যমে bbs.faridpur.gov.bd<br>২) ই-মেইলের মাধ্যমে ddbbsfaridpur@gmail. Com<br>৩) পেন ড্রাইভ এর মাধ্যমে | অনধিক ০৫ (পাঁচ) কার্যদিবস | আবেদন পত্র | প্রযোজ্য নয় | বিনামূল্যে | |
| ০৪ | জাতীয় আয়, মাথাপিছু আয়, মুদ্রাস্ফিতি, গড় আয়ু ইত্যাদি সরবরাহ | ১) ওয়েব সাইট এর মাধ্যমে bbs.faridpur.gov.bd<br>২) ই-মেইলের মাধ্যমে ddbbsfaridpur@gmail. com | সার্বক্ষণিক | আবেদন পত্র | প্রযোজ্য নয় | বিনামূল্যে | |
| গ) অভ্যন্তরীণসেবা | | | | | | | |

| | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|
| ০৫ | শ্রান্তিবিনোদন ছুটি মঞ্জুর | জেলা একাউন্টস এন্ড ফিন্যান্স অফিস থেকে ছুটির হিসাবসহ সেবা প্রত্যাশীর আবেদন প্রাপ্তি, অফিস আদেশ জারি, সেবা প্রত্যাশীকে অবহিতকরণ। | ১৫ (পনের) কার্যদিবস | আবেদন পত্র | প্রয়োজনীয় দলিল পত্রসহ সাদা কাগজে আবেদন করতে হবে। | বিনামূল্যে | উপপরিচালক জেলা পরিসংখ্যান কার্যালয়, ফরিদপুর। ফোন: ০২৪৭৮৮০২৭২৩ ই-মেইল ddbbsfaridpur@gmail.com |
| ০৬ | মাতৃত্বকালীন ছুটি মঞ্জুর | অফিস আদেশ জারি; সেবা প্রত্যাশীকে অবহিতকরণ। | পূর্ণাঙ্গ আবেদন প্রাপ্তির পর ১৫ (পনের) কার্যদিবস | আবেদন পত্র | প্রয়োজনীয় দলিলপত্রসহ সাদা কাগজে আবেদন করতে হবে। | বিনামূল্যে | |
| ০৭ | অর্জিত ছুটি মঞ্জুর | জেলা একাউন্টস এন্ড ফিন্যান্স অফিস থেকে ছুটির হিসাবসহ সেবা প্রত্যাশীর আবেদন প্রাপ্তি, অফিস আদেশ জারি; সেবা প্রত্যাশীকে অবহিতকরণ। | পূর্ণাঙ্গ আবেদন প্রাপ্তির পর ১৫ (পনের) কার্যদিবস | আবেদন পত্র | প্রয়োজনীয় দলিলপত্রসহ সাদা কাগজে আবেদন করতে হবে। | বিনামূল্যে | |
| ০৮ | পেনশন মঞ্জুর | জেলা একাউন্টস এন্ড ফিন্যান্স অফিস থেকে ছুটির হিসাবসহ সেবা প্রত্যাশীর আবেদন প্রাপ্তি, অফিস আদেশ জারি; সেবা প্রত্যাশীকে অবহিতকরণ। | পূর্ণাঙ্গ আবেদন প্রাপ্তির পর ৩০ (ত্রিশ) কার্যদিবস | আবেদন পত্র | প্রয়োজনীয় দলিলপত্রসহ সাদা কাগজে আবেদন করতে হবে। | বিনামূল্যে | |

## ১.৭ ফরিদপুর জেলার কিছু গুরুত্বপূর্ণ পরিসংখ্যান

### জনসংখ্যা (২০২২ জনশুমারি ও গৃহগণনা অনুযায়ী)

| ক্রঃ নং | নাম | | সংখ্যা | মন্তব্য |
|---|---|---|---|---|
| | বাংলাদেশ | মোট জনসংখ্যা | ১৬,৫১,৫৮,৬১৬ জন | |
| | | জনসংখ্যা বৃদ্ধির হার | ১.২২/% | |
| | | লিঙ্গানুপাত | ৯৮ | ১০০ জন মহিলার বিপরীতে পুরুষ |
| | | স্বাক্ষরতার হার (৭ বছর ও তদুর্দ্ধ, পড়তে ও লিখতে পারে) মোট | ৭৪.৬৬% | |
| | | পুরুষ | ৭৬.৫৬% | |
| | | মহিলা | ৭২.৮২% | |
| | ফরিদপুর জেলা | মোট জনসংখ্যা | ২১৬২৮৭৬ জন | |
| | | পুরুষ | ১০৫০১৯৩ জন | |
| | | মহিলা | ১১১২০৬১ জন | |
| | | লিঙ্গানুপাত | ৯৪.৪ | |
| | | | | |
| | | স্বাক্ষরতার হার (৭ বছর ও তদুর্দ্ধ, পড়তে ও লিখতে পারে) মোট | ৭১.৯৯% | |
| | | পুরুষ | ৭৩.১২% | |
| | | মহিলা | ৭০.৯৪% | |
| | | | | |

### ২০২২ সালের জনশুমারি ও গৃহগণনার প্রাথমিক প্রতিবেদন অনুযায়ী ফরিদপুর জেলার জনসংখ্যা ঃ

| জেলার নাম | পুরুষ | মহিলা | মোট |
|---|---|---|---|
| ফরিদপুর | ১,০৫০,১৯৩ | ১,১১২,০৬১ | ২,১৬২,৮৭৬ |

### ২০১১ সালের আদমশুমারি ও গৃহগণনা অনুযায়ী ফরিদপুর জেলার উপজেলা ভিত্তিক জনসংখ্যা ঃ

| উপজেলার নাম | পুরুষ | মহিলা | মোট |
|---|---|---|---|
| আলফাডাঙ্গা | ৫১৬০৩ | ৫৬৬৯৯ | ১০৮৩০২ |
| ভাঙ্গা | ১২৫৩২৪ | ১৩৩৭০৮ | ২৫৯০৩২ |
| বোয়ালমারী | ১২৬৪২৮ | ১৩০২৩০ | ২৫৬৬৫৮ |
| চরভদ্রাসন | ৩০৩৫৭ | ৩৩১২০ | ৬৩৪৭৭ |
| ফরিদপুর সদর | ২৩৫৭৬২ | ২৩৩৬৪৮ | ৪৬৯৪১০ |
| মধুখালী | ১০১৭১৯ | ১০২৭৭৩ | ২০৪৪৯২ |
| নগরকান্দা | ৯৮২৯০ | ৯৯৬০৮ | ১৯৭৮৯৮ |
| সদরপুর | ৮৯৬৬৪ | ৯৬৫৯০ | ১৮৬২৫৪ |
| সালথা | ৮৩০৯৮ | ৮৪৩৪৮ | ১৬৭৪৪৬ |
| **ফরিদপুর জেলা** | **৯৪২২৪৫** | **৯৭০৭২৪** | **১৯১২৯৬৯** |

### উপজেলা ভিত্তিক দারিদ্রের হার

| ক্রঃনং | উপজেলার নাম | দারিদ্রের গ্রুপ (%) | দারিদ্রের হার (উচ্চরেখা) (%) | আদর্শ ভ্রান্তিমান (%) |
|---|---|---|---|---|
| ১. | আলফাডাংগা | অতি নিম্ন | ৮.৪ | ২ |
| ২. | ভাংগা | অতি নিম্ন | ৯.৬ | ১.৮ |
| ৩. | বোয়ালমারী | নিম্ন | ১২.৯ | ২.৭ |
| ৪. | চরভদ্রাসন | নিম্ন | ১৪.৬ | ৩.৮ |
| ৫. | ফরিদপুর সদর | অতি নিম্ন | ১০.০ | ১.৯ |
| ৬. | মধুখালী | অতি নিম্ন | ৬.৫ | ২ |
| ৭. | নগরকান্দা | অতি নিম্ন | ১০.২ | ২.২ |
| ৮. | সদরপুর | অতি নিম্ন | ৭.৭ | ১.৯ |
| ৯. | সালথা | নিম্ন | ১৩.৯ | ৩.২ |
| | মোট ফরিদপুর জেলা | | ৭.৭ | - |

সূত্র: **Poverty Map of Bangladesh 2016**

### উপজেলা ভিত্তিক দারিদ্র্যের হার

| ক্রঃনং | উপজেলার নাম | দারিদ্র্যের হার (উচ্চরেখা) (%) |
|---|---|---|
| ১. | আলফাডাংগা | ২৯.৯ |
| ২. | ভাংগা | ৩৫.৫ |
| ৩. | বোয়ালমারী | ৩৯.৩ |
| ৪. | চরভদ্রাসন | ৩৫.৮ |
| ৫. | ফরিদপুর সদর | ৩৮.৩ |
| ৬. | মধুখালী | ৩০.৫ |
| ৭. | নগরকান্দা | ৩৫.৯ |
| ৮. | সদরপুর | ৩৬.৯ |
| ৯. | সালথা | ৪২.১ |
| | মোট ফরিদপুর জেলা | ৩৬.৩ |

সূত্রঃ **Poverty map of Bangladesh 2010**

## জাতীয় পর্যায়ে দারিদ্র্যের হার

| ক্র: নং | দারিদ্র্যের হার | অতি দারিদ্র্যের হার | সূত্র |
|---|---|---|---|
| ০১ | ২০.৫ | ১০.৫ | খানার আয় ব্যয় জরিপ ২০১৬ |
| ০২ | ১৮.৭ | ৫.৬ | খানার আয় ব্যয় জরিপ ২০২২ |

## <u>স্যাম্পল ভাইটাল স্ট্যাটিসটিক্স ২০২০ ও ২০২১ সালের তথ্য</u>

| Faridpur | Average HH size | CBR | TFR | GFR | CDR | IMR | U5MR | CPR | Literacy7+ | Adult larlyiteracy 15+ | Disability rate | Early Marriage | | Mean Ageat marriage | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | | | | | Before15 year | Before18 year | Male | Female |
| 2020 | 0 | 17.7 | 2.0 | 64.5 | 64.5 | 5.1 | 19.3 | 66.7 | 74.4 | 74.6 | 7.9 | 0 | 0 | 24.0 | 17.3 |
| 2021 | 4.4 | 18.9 | 2.1 | 66.1 | 6.2 | 16.0 | 20.4 | 62.9 | 79.93 | 77.69 | 3.8 | 4.6 | 34.3 | 25.3 | 19.8 |

সূত্র: -বাংলাদেশ স্যাম্পল ভাইটাল স্ট্যাটিসটিক্স ২০২০

বাংলাদেশ স্যাম্পল ভাইটাল স্ট্যাটিসটিক্স ২০২১

## ফরিদপুর জেলার শিক্ষার হার

| ক্রমিক নং | সাল | শিক্ষার হার ৭+ | শিক্ষার হার ১৫+ | মন্তব্য |
|---|---|---|---|---|
| ০১ | ২০১৮ | ৭১.০ | ৭০.৫ | বাংলাদেশ স্যাম্পল ভাইটাল স্ট্যাটিসটিকস বুকস ২০১৮ এর অনুযায়ী |
| ০২ | ২০১৯ | ৭৩.৩ | ৭৪.৬ | বাংলাদেশ স্যাম্পল ভাইটাল স্ট্যাটিসটিকস বুকস ২০১৯ এর অনুযায়ী |
| ০৩ | ২০২০ | ৭৪.৪ | ৭৪.৬ | বাংলাদেশ স্যাম্পল ভাইটাল স্ট্যাটিসটিকস বুকস ২০২০ এর অনুযায়ী |

## গ্যালারী

















জনশুমারি ও গৃহগণনা ২০২২ এর কিছু খন্ড চিত্র

…